গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

# ই-রিকুজিশন নির্দেশিকা
## e- Requisition Guidelines

**এনটিআরসিএ কর্তৃক শিক্ষক নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির জন্য এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শূন্যপদের অনলাইনে চাহিদা (ই-রিকুজিশন) তথ্য সংগ্রহের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসারগণ কর্তৃক পালনীয় নির্দেশিকা (e- Requisition Guidelines)**

(ক) **সাধারণ নির্দেশনাবলি:**

১. শিক্ষক নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির জন্য বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শূন্যপদের অনলাইনে চাহিদা (e-Requisition) **৩১ মার্চ ২০২৬** তারিখের মধ্যে যে সকল পদ শূন্য হয়েছে, সেই সকল শূন্যপদের চাহিদা (e-Requisition) প্রদান করতে হবে।

২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে জারিকৃত জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এবং কারিগরি ও মাদ্রাসা বিভাগ থেকে জারিকৃত জনবল কাঠামো ও এমপিও নীতিমালা- ২০২৬ এর প্যাটার্নভুক্ত পদে অনলাইনে চাহিদা প্রদান করতে হবে।

৩. জনবল কাঠামোর আওতায় শুধুমাত্র MPO ভুক্ত শূন্যপদের চাহিদা প্রদান করতে হবে।

৪. মহিলা শিক্ষাপ্রতিষ্ঠানে শরীরচর্চা শিক্ষক পদে চাহিদা প্রদানের সময় অবশ্যই উক্ত পদকে "Female Quota" হিসেবে উল্লেখ করতে হবে।

**৫.** শিক্ষাপ্রতিষ্ঠানের ধরন (Institute Type) অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য, সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুসারে প্যাটার্নভুক্ত সকল পদের বিবরণ অনলাইনে স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। উক্ত প্রদর্শিত পদ থেকে প্রতিষ্ঠানপ্রধান শুধুমাত্র এমপিওভুক্ত অনুমোদিত শূন্যপদগুলোর মধ্যে কাম্য সংখ্যক শিক্ষার্থী থাকলে অনলাইনে চাহিদা প্রদান করবেন। **কোন পদ সংশ্লিষ্ট বিষয়ে কাম্য সংখ্যক শিক্ষার্থী না থাকলে অনলাইনে চাহিদা প্রদান করা যাবে না।**

৬. জনবল কাঠামো ও MPO নীতিমালার প্যাটার্নভুক্ত কিছু পদ আছে যেগুলো শর্তসাপেক্ষে পূরণযোগ্য, যেমন-মন্ত্রণালয়ের অনুমোদন, নির্ধারিত ছাত্রসংখ্যা থাকা, ল্যাব চালু থাকা ইত্যাদি। ঐ ক্ষেত্রে কেবলমাত্র MPO নীতিমালার শর্ত পূরণ হলেই অনলাইনে চাহিদা দেয়া যাবে।

৭. মামলাজনিত কারণে কোন পদে আদালতের নিষেধাজ্ঞা থাকলে কিংবা নিয়োগের স্থগিত আদেশ (Stay Order) থাকলে সে পদের অনলাইনে চাহিদা প্রদান করা যাবে না।

৮. নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে চাহিদা (e- Requisition) একবার Submit হয়ে গেলে সঙ্গে সঙ্গে তা সংশোধন (Edit) করার সুযোগ নেই। পরবর্তীতে সংশোধনের সুযোগ দেয়া হলে Edit অপশনে ক্লিক করে ই-রিকুজিশন সংশোধন করা যাবে। সুতরাং অনলাইনে চাহিদা (e-Requisition) Submit করার পূর্বে সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী পদের প্রাপ্যতা ভালভাবে যাচাই বাছাই করে অত্যন্ত সতর্কতার সঙ্গে ই-রিকুজিশন ফরম পূরণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

৯. প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক অনলাইনে ই-রিকুজিশন দাখিলের পর সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (USEO) এবং পরবর্তীতে জেলা শিক্ষা অফিসার (DEO) তাদের নিজ নিজ User

ID/Password ব্যবহার করে ই-রিকুজিশন প্লাটফরমে প্রবেশ করবেন এবং প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক প্রেরিত শূন্যপদের তালিকাটি পুঙ্খানুপুঙ্খভাবে যাচাইপূর্বক অনলাইনে সাবমিট করবেন। কোন প্রতিষ্ঠানের ই-রিকুজিশনে কোন ভুল/অসংগতি লক্ষ্য করলে কিংবা কোন পদের প্রাপ্যতা না থাকলে USEO/DEO সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে তা সংশোধনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

১০. শিক্ষা প্রতিষ্ঠান থেকে অনলাইনে প্রাপ্ত শূন্যপদের তালিকাটি (ই-রিকুজিশন) একই সঙ্গে আঞ্চলিক পরিচালক/ উপপরিচালকবৃন্দ যাচাই করতে পারবেন। প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত শূন্যপদের তালিকায় কোন ভুল/অসংগতি লক্ষ্য করলে আঞ্চলিক পরিচালক/ উপপরিচালক সংশ্লিষ্ট DEO-কে অবহিত করবেন। DEO তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে ই-রিকুজিশনটি সংশোধনপূর্বক নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট অধিদপ্তরে প্রেরণ করবেন। অধিদপ্তর তাদের User ID/Password দিয়ে লগইন করে তার আওতাধীন সকল শিক্ষাপ্রতিষ্ঠানের শূন্যপদের তথ্য যাচাই বাছাই করে এনটিআরসিএ বরাবর Submit করবেন।

১১. এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে শুধুমাত্র MPO ভুক্ত পদে শিক্ষকের শূন্যপদের অনলাইনে চাহিদা প্রদানের জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১২. সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠানের পদ সংক্রান্ত বিষয়ে স্বচ্ছ ধারণা না থাকলে ই-রিকুজিশন প্রদানের পূর্বে যে কোন অস্পষ্টতার ক্ষেত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অথবা জেলা শিক্ষা অফিসার এর পরামর্শ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১৩. অনলাইনে চাহিদা (e-Requisition) প্রদানের সময় কোন ধরনের ভুল তথ্য প্রদান করা হলে তার দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে এবং জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) **অনলাইনে চাহিদা (e-Requisition) প্রদানের ধাপসমূহ:**

১. e-Requisition ফরম পূরণ করার জন্য প্রতিষ্ঠান প্রধান http://ngi.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে Recruitment এ ক্লিক করার পর Institute's Section এ ক্লিক করতে হবে। তারপর e-Requisition বক্সে ক্লিক করার পর Institute Log In করতে হবে। Institute Log In করার জন্য User ID ও Password দিয়ে Log In বাটনে ক্লিক করার পর Institute e-Requisition Form আসবে। অথবা এনটিআরসিএ-এর ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) প্রবেশ করে **ই-রিকুইজিশন** সেবাবক্স থেকে **"ই-রিকুইজিশন লগইন"** অপশন ক্লিক করবেন এবং প্রতিষ্ঠান প্রধান তার নিজস্ব আইডি এবং পাসওয়ার্ড দিয়ে ই-রিকুইজিশন প্লাটফর্মে লগইন করবেন।

২. শিক্ষক নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির জন্য এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শূন্যপদের অনলাইনে চাহিদা (e-Requisition) **৩১ মার্চ ২০২৬** তারিখের মধ্যে যে পদ শূন্য হয়েছে, সেই সকল শূন্যপদের চাহিদা (e-Requisition) প্রদান করতে হবে।

৩. Requisition Form-এর Institute Requisition Details এর আওতায় প্রতিষ্ঠান প্রধান GB/ SMC/MMC Resolution No এর বক্সে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভার কার্যবিবরণীর (Resolution) স্মারক নম্বর এবং Date এর বক্সে সভার কার্যবিবরণীর তারিখ লিপিবদ্ধ করতে হবে।

৪. Total Approved Post by Govt এর বক্সে প্রতিষ্ঠানটির জন্য মোট অনুমোদিত এমপিওভুক্ত শিক্ষকের সংখ্যা উল্লেখ করতে হবে।

৫. No. of Working Male Teacher এর বক্সে মোট কর্মরত পুরুষ শিক্ষকের সংখ্যা উল্লেখ করতে হবে।

৬. No. of Working Female Teacher এর বক্সে মোট কর্মরত মহিলা শিক্ষকের সংখ্যা উল্লেখ করতে হবে।

৭. No. of Total MPO Vacant Post এর বক্সে এমপিওভুক্ত মোট শূন্যপদের সংখ্যা উল্লেখ করতে হবে।

৮. এরপর প্রদর্শিত প্রত্যেক সারির বাম থেকে ডান দিকের সকল তথ্য পর্যায়ক্রমে ড্রপ ডাউন মেন্যু থেকে পূরণ করতে হবে। ১ম Institute Type অর্থাৎ প্রতিষ্ঠানের ধরণ যেমন- Alim Madrasha (1-12)। এরপর Post Name (Choose Post) সিলেক্ট করতে হবে। Choose Post ক্লিক করে ড্রপ ডাউন মেনু থেকে শূন্যপদের নাম সিলেক্ট করতে হবে। যেমন-Assistant Teacher, Lecturer, Trade Instructor, Demonstrator, Assistant Moulavi ইত্যাদি।

৯. Subject Name (Choose Subject) ক্লিক করে ড্রপ ডাউন মেনু থেকে সংশ্লিষ্ট বিষয় সিলেক্ট করতে হবে। যেমন- Bengali, English, Biology, Physical Science, Arabic ইত্যাদি।

১০. Post Category এ গিয়ে ড্রপ ডাউন মেন্যুতে তিনটি অপশন থাকবে। যথাক্রমে- General, Technical এবং Madrasha। প্রতিষ্ঠানের পদটি স্কুল/কলেজ হলে General, মাদ্রাসা হলে Madrasha এবং কারিগরি প্রতিষ্ঠানের কিংবা কারিগরি শাখার পদ হলে Technical সিলেক্ট করতে হবে। যেমন- স্কুলে বা কলেজে সংযুক্ত কারিগরি কোন পদ থাকলে সে ক্ষেত্রে Post Category-তে Technical সিলেক্ট করতে হবে। একই ভাবে মাদ্রাসায় সংযুক্ত কারিগরি পদ থাকলে সে ক্ষেত্রেও Post Category-তে Technical সিলেক্ট করতে হবে।

১১. Candidate Type এর ড্রপ ডাউন অপশনে ক্লিক করে Merit based সিলেক্ট করতে হবে।

১২. এরপর Vacant on Date ক্লিক করে পদটি যে তারিখে শূন্য **হয়েছে** অথবা **হবে** ঐ তারিখ এন্ট্রি করতে হবে।

১৩. এরপর সংশ্লিষ্ট পদের বিপরীতে কাম্য সংখ্যক শিক্ষার্থী আছে কিনা এ বিষয়ে ড্রপডাইন মেন্যু থেকে 'হ্যাঁ' অথবা 'না' Select করতে হবে। কাম্য শিক্ষার্থী থাকলে 'হ্যাঁ' এবং না থাকলে 'না' সিলেক্ট করতে হবে।

১৪. শূন্যপদের অনলাইন চাহিদা প্রদানের ক্ষেত্রে প্রথম পদের তথ্য প্রদানের পর পরের পদ অন্তর্ভুক্ত করার জন্য Add বাটনে ক্লিক করতে হবে। তবে একটি পদের সারিতে সকল তথ্য পূরণ করে ২য় পদ Add করতে হবে। যেমন: ধরা যাক, ১ম Post এর নাম Assistant Teacher, Subject Bengali সিলেক্ট করলে ২য় পদটি যোগ করার জন্য Add বাটনে ক্লিক করে Post এর নাম, Subject এর নাম এবং অন্যান্য তথ্য ক্লিক করতে হবে। এভাবে যত সংখ্যক শূন্যপদের তথ্য দেয়ার প্রয়োজন হবে ততবার Add বাটনে ক্লিক করে পদটি অন্তর্ভুক্ত করতে হবে। ভুল পদ সিলেক্ট হয়ে গেলে লাল বর্ণের ক্রস চিহ্নিত (×) Delete অপশনে ক্লিক করলে পদটি বাতিল হবে। একই বিষয়ের পদ একাধিক সংখ্যক শূন্য থাকলে একাধিক বার Add বাটনে ক্লিক করে পদটি পূরণ করতে হবে।

১৫. পরিশেষে Save & Submit এ ক্লিক করে অনলাইনে চাহিদা (e-Requisition) প্রেরণ করতে হবে। তবে Submit এর আগে শূন্যপদের তালিকাটি ভালভাবে যাচাই করে নিতে হবে। Submit করার আগে Print অপশনে গিয়ে Print করতে হবে এবং ভবিষ্যত রেফারেন্সের জন্য সংরক্ষণ করতে হবে।

**১৬. ফি জমা দেয়ার পদ্ধতি:**

(ক) টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে NGI লিখে স্পেস দিয়ে Requisition ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।

উদাহরণঃ NGI<space>REQUISITION ID টাইপ করে 16222 নম্বরে Send করুন।

ফিরতি SMS-এ একটি PIN কোড দিয়ে ই-রিকুইজিশন ফি হিসেবে ২০০/= (দুইশত) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

(খ) Message অপশনে গিয়ে NGI লিখে স্পেস দিয়ে Yes লিখে স্পেস দিয়ে PIN নম্বর লিখে স্পেস দিয়ে ১১ ডিজিটের মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।

উদাহরণঃ NGI<space>Yes<space>Pin number<space> Mobile Number টাইপ করে 16222 নম্বরে প্রেরণ করুন।

ই-রিকুজিশন ফি সঠিকভাবে প্রদান করার পর ই-রিকুজিশনের কপি প্রিন্ট করতে হবে। **সেই কপিতে Paid লেখা থাকলে বুঝতে হবে আপনার অনলাইন চাহিদা (ই-রিকুজিশন) সঠিকভাবে গৃহিত হয়েছে।**

১৭. ফি জমাদানের পর Print অপশনে ক্লিক করে ই-রিকুইজিশনের একটি প্রিন্টেড কপি অফিস রেকর্ড হিসেবে ভালভাবে সংরক্ষণ করতে হবে।

১৮. ই-রিকুজিশন ফি জমা দানের পর শূন্যপদের চাহিদা সংশোধন করার আর কোন সুযোগ থাকবে না।

১৯. ই-রিকুজিশন জনিত যে কোন ধরণের তথ্যের জন্য এনটিআরসিএ'র নিম্নোক্ত টেলিফোন/মোবাইল ফোনে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে:

১। হটলাইনঃ ০১৬৩৫৪০৫৮০১;
২। সহকারী পরিচালক, (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান-১), ফোনঃ ০২-৪১০৩০১৩২;
৩। সহকারী পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান-২), ফোনঃ ০২-৪১০৩০১৩১;
৪। উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), ফোনঃ ০২-৪১০৩০১২৯;
৫। পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), ফোনঃ ০২-৪১০৩০১২১।

9/03/2026

(তাসনিম জেবিন বিনতে শেখ)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১.